পিএমটি এসএসসি/সমমান উদ্দীপনা পুরস্কার প্রদান নির্দেশিকা

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা মন্ত্রণালয়
মে ২০১৪

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা মন্ত্রণালয়

মে ২০১৪

পিএমটি এসএসসি/সমমান উদ্দীপনা পুরস্কার প্রদান নির্দেশিকা

ক. ভূমিকা

১.০ প্রকল্পের

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এ্যান্ড অ্যাকসেস এ্যানহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)-এর উদ্দেশ্য হচ্ছে মাধ্যমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন, শিখন ফলাফলসমূহ ধারাবাহিকভাবে পরিবীক্ষণ ও মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সকলের জন্য সমান সুযোগ নিশ্চিত করা। মূল সেকায়েপ প্রকল্প ১২৫টি উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে কাজ করছে এবং বর্তমানে চলমান অতিরিক্ত অর্থায়নের আওতায় আরও ৯০টি উপজেলাকে এ কার্যক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে বর্তমানে মোট ২১৫ টি উপজেলায় প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

২.০ পুরস্কারের

এ পুরস্কারের উদ্দেশ্য হলো দরিদ্রমুখী ও শিক্ষামূলক নির্ণায়কের ভিত্তিতে কৃতিত্বপূর্ণ পুরস্কার প্রদানের মাধ্যমে শিক্ষার মান উন্নত করা। মূলতঃ ১২৫টি উপজেলায় **পিএমটি এসএসসি/সমমান** উদ্দীপনা পুরস্কার বাস্তবায়িত হচ্ছে এবং অতিরিক্ত অর্থায়নের আওতায় আরো ৯০টি উপজেলায় তা সম্প্রসারিত হবে।

৩.০ ম্যানুয়ালের

এ নির্দেশিকা প্রণয়ন ও জারীর সুনির্দিষ্ট উদ্দেশ্য হচ্ছে:

ক. পুরস্কার প্রদানের জন্য শিক্ষার্থী বাছাইয়ের নির্ণায়ক নির্ধারণ;

খ. অনুসরণীয় নির্বাচন পদ্ধতির বর্ণনা;

গ. সংশ্লিষ্ট সহযোগীদের ভূমিকা ও দায়িত্ব সুনির্দিষ্ট করা; এবং

ঘ. উদ্দীপনা পুরস্কারের অর্থ ছাড় ও বিতরণ পদ্ধতি বিষয়ে আলোকপাত করা।

৪.০ সংস্করণ

এটি ম্যানুয়ালের ২য় সংস্করণ। বাস্তব অবস্থার নিরিখে ও অর্জিত ফলাফল পর্যালোচনা করে প্রকল্পের প্রয়োজনে সময় সময় বিশ্ব ব্যাংকের পরামর্শ ও সম্মতির ভিত্তিতে এ ম্যানুয়াল সংশোধন করা যাবে। এরূপ সংশোধনের ক্ষেত্রে মাউশির অনুমোদন গ্রহণ করতে হবে।

খ. বাস্তবায়ন প্রক্রিয়া

৫.০ প্রধান প্রধান কার্যক্রম

এসএসসি পরীক্ষা পাশ পিএমটিধারী শিক্ষার্থীগণ নগদ অর্থ ও সনদপত্রসহ উদ্দীপনা পুরস্কার পাবে। পিএমটি এসএসসি/সমমান পরীক্ষা প্রকল্প নির্দিষ্ট একটি কার্যক্রম। ২০১৮ সাল হতে পরিকল্পিত সোয়াপ (SWAP) এর মূলধারায় অন্তর্ভূক্ত করার জন্য অতিরিক্ত অর্থায়নের আওতায় পিএমটি এসএসসি/সমমান পাশ পুরস্কার নিয়মিতভাবে সম্প্রসারিত, শক্তিশালী ও পরিবীক্ষণ করা হবে। এটা করা হবে কার্যক্রমটিকে মাধ্যমিক স্তরে ২০১৮ সালের শুরু হতে পরিকল্পিত সোয়াপ (SWAP) এর মূলধারা অন্তর্ভূক্ত করার জন্য।

৬.০ পুরস্কার

প্রতি বছর পিএমটি এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পিএমটি শিক্ষার্থীরা পুরস্কার হিসেবে ১৫০০ টাকা পাবে। শিক্ষার্থীদের পরিশ্রম ও কৃতিত্বকে স্বীকৃতি প্রদানের অভিপ্রায়ে এ পুরস্কার দেয়া হয়। এছাড়াও অন্যান্য শিক্ষার্থীদের

এসএসসি/সমমান পরীক্ষা সম্পন্ন করতে ও একাদশ শ্রেণীতে ভর্তি হতে উৎসাহিত করা হয়।

৭.০ লক্ষ্যমাত্রার পরিধি

কোন বছরে সেকায়েপ এর আওতাধীন ১২৫ টি উপজেলার শিক্ষার্থীদের পিএমটি এসএসসি/সমতুল্য উদ্দীপনা পুরস্কার প্রদান করা হবে এবং ২০১৫ থেকে অতিরিক্ত ৯০টি উপজেলাসহ ২১৫টি উপজেলায় শিক্ষার্থীদের মধ্যে এ পুরস্কার প্রদান করা হবে। কোন বছরে পিএমটি এসএসসি পুরস্কার প্রাপ্তদের সংখ্যা ঐ বছরের এসএসসি'র ফলাফলের ওপর নির্ভর করবে।

গ. বিতরণ পদ্ধতি

৮.০ তহবিল প্রবাহ চিত্র **(ট্রেজারী থেকে শিক্ষার্থী পর্যন্ত)**

উদ্দীপনা পুরস্কার অনুদানের ব্যয় প্রথমে সরকারী কোষাগার হতে নির্বাহ করা হবে। সরকারী কোষাগার হতে অনুদান অর্থ প্রাপ্তি সহজলভ্য করতে অনুসরণীয় পদ্ধতি হবে নিম্নরূপ:

১. সেকায়েপ পিএমটি এসএসসি/সমতুল্য পুরস্কার বাবদ এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব দেবে;
২. মাউশি উক্ত বরাদ্দ এডিপিতে অর্ন্তভুক্ত করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবে;
৩. মাউশি অগ্রিম উত্তোলনের জন্য অর্থ বিভাগের অনাপত্তি নেবে;
৪. অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা অগ্রিম চেক ইস্যু করবেন;
৫. সেকায়েপ উদ্দীপনা পুরস্কারের এসিএফসহ অগ্রণী ব্যাংক বরাবর অর্থ পরিশোধের আদেশ জারী করবে;
৬. অগ্রণী ব্যাংকের স্থানীয় শাখা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিতরণ সূচি অনুযায়ী প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদের মধ্যে পুরস্কারের অর্থ বিতরণ করবে;
৭. আইডিএ ব্যয়কৃত অর্থ প্রকল্পের আবেদনের ভিত্তিতে পুনর্ভরন করবে।

৯.০ আইডিএ কর্তৃক পুনর্ভরণ

সেকায়েপ উদ্দীপনা পুরস্কার কার্যক্রম বাস্তবায়ন এবং বিতরণকৃত অর্থের সমন্বয় করবে। মহাপরিচালক, মাউশি ডিএলআইভিত্তিক তহবিল হতে পুনর্ভরণের জন্য প্রমাণসহ অর্থ উত্তোলনের আবেদন জানাবে। মাউশি আবেদন সমেত প্রতিবেদন প্রস্তুত করে আইডিএ বরাবর প্রেরণ করবে। আইডিএ উল্লিখিত ব্যয়কৃত অর্থ পুনর্ভরণ করার ব্যবস্থা নেবে।

১০.০ প্রতিষ্ঠানের

প্রকল্পের সঙ্গে সহযোগিতা চুক্তি স্বাক্ষরকারী/ নবায়নকারী সকল শিক্ষা প্রতিষ্ঠান এ পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবে।

১১.০ শিক্ষার্থীদের যোগ্যতা

নিয়মিত শিক্ষার্থী হিসেবে এসএসসি/সমতুল্য পরীক্ষা পাশ পিএমটিধারী সকল শিক্ষার্থী এ পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবে। শিক্ষার্থীদের অবশ্যই থাকতে হবে বৈধ একটি পিএমটি আইডি নম্বর। একইসঙ্গে তাঁদের অবশ্যই অবিবাহিত থাকতে হবে এসএসসি/ সমতুল্য পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত ।

(প্রবাহ চিত্র-২)

১২.০ নির্বাচন পদ্ধতি এবং পুরস্কার বিতরণের ধাপসমহ

ধাপ-১: সেকায়েপ প্রতি বছর ডিসেম্বর মাসের শেষে ই-মেইল যোগে ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে একটি ফরম (সেকায়েপ ফরম-১) প্রেরণ করবে। কোন প্রতিষ্ঠান জানুয়ারী মাসের প্রথম সপ্তাহের মধ্যে ফরম পেলে না বা ফরম পূরণে তাদের কোন তথ্য/সহায়তার প্রয়োজন হলে তারা সেকায়েপের সাথে সরাসরি ফোনে যোগাযোগ করতে পারবে। ফোন নং ০২-৯৫৫৫১২৭, ফ্যাক্স: ০২-৯৫৫৫১৩৪ এবং ই-মেইল: seqaep@bdcom.net এছাড়া সেকায়েপের website www.seqaep.gov.bd হতেও ফরমটি সংগ্রহ করা যাবে। ই-মেইলে ফর্ম জমা দেয়াকে প্রাধান্য দেয়া হবে। এটা প্রতিষ্ঠানের অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।

ধাপ-২: প্রতি বছর জানুয়ারী মাসের শেষে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সেকায়েপ ফরম-১ পূরণ করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কাছে প্রেরণ করবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ নিজ নিজ উপজেলার পূরণকৃত ফরম সংগ্রহ করে ১৫ ফেব্রুয়ারির মধ্যে সেকায়েপ অফিসে প্রেরণ করবেন। ফরমটি ই-মেইল যোগে সেকায়েপে প্রেরণ করার জন্য প্রতিষ্ঠানগুলিকে উৎসাহিত করা হবে। তারা ফরমের একটি কপি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকেও পাঠাবে।

ধাপ-৩: সেকায়েপ আইটি ডেক্স এমআইএস সেল মাঠ পর্যায় থেকে সেকায়েপ-১ ফরম, পিএমটিএ থেকে ১০ শ্রেণির পুরাতন শিক্ষার্থীদের তথ্য শিক্ষা বোর্ড হতে সংগৃহীত এসএসসি/সমতুল্য পরীক্ষার ফলাফল প্রক্রিয়াকরণ এবংএসিএফ প্রস্তুত করবে। ডাটা ইন্ট্রিগ্রেশনের জন্য উক্ত তথ্য পিএমটিতে প্রেরণ করা হবে। উক্ত এ কাজ সম্পন্ন করতে হবে প্রতি বছর জুলাই এর মাঝামাঝি সময়ের মধ্যে। এসিএফ ফরমেট এ সাথে সংযুক্ত করা হলো (সংযুক্তি-১)।

ধাপ-৪: সেকায়েপ অর্থ প্রদানের আদেশসহ এসিএফ জুলাই এর শেষে অগ্রণী ব্যাংকে প্রেরণ করবে। এসিএফ-এর এক কপি পাঠানো হবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের কাছে।

ধাপ-৫: অগ্রণী ব্যাংক স্থানীয় শাখার বা অস্থায়ী বুথের মাধ্যমে নির্ধারিত দিনে শিক্ষার্থীদের অর্থ বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে অর্থ বিতরণের সময়সূচী সম্পর্কে অবহিত করবেন।

ধাপ-৬ : সেকায়েপ বিতরণের তথ্য প্রমাণক, বিবরণী সংগ্রহ করে অর্থনৈতিক কোড (আরডিপি অনুযায়ী) অনুসরণপূর্বক মাউশি-কে পুর্ণভরণের জন্য অনুরোধ জানাবে।

১৩.০ পিএমটি এসএসসি/সমতুল্য পাশ পুরস্কার প্রদান সময়সূচী/পঞ্জিকা

ক্রমিক	কর্মকান্ডের বিবরণ	সময়সূচী	দায়িত্ব	মন্তব্য
১.	সেকায়েপ ১ ফরম মুদ্রণ এবং ই-মেইলে শিক্ষা প্রতিষ্ঠান ও ইউএসইওকে প্রেরণ	১-১৫ নভেম্বর	সেকায়েপ আইটি ডেক্স	
২.	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানে সেকায়েপ ১ ফরম (হার্ড কপি) প্রেরণ	১-৩০ নভেম্বর	প্রকল্প কর্মকর্তা, উদ্দীপনা পুরস্কার শাখা, সেকায়েপ	
৩.	পূরণকৃত সেকায়েপ ১ ফরম (হার্ড কপি) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অথবা ই-মেইলে সরাসরি সেকায়েপে প্রেরণ (ইউএসও- কে কপি দিতে হবে)।	১৫ ডিসেম্বর - ৩১ জানুয়ারি	প্রধান শিক্ষক/সুপার	
৪.	সেকায়েপ ১ ফরম প্রকল্প কার্যালয়ে প্রেরণ	০১ ফেব্রুয়ারি- ১৫ ফেব্রুয়ারি	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৫.	পিএমটি হতে পুরাতন ১০ম গ্রেড শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ	১৫-২০ ফেব্রুয়ারি	সেকায়েপ আইটি ডেস্ক	
৬.	শেষ করা উপাত্ত অন্তর্ভুক্তি এবং পিএমটি থেকে সংগৃহিত ডাটার সাথে প্রতিষ্ঠান হতে সংগৃহীত ডাটার বৈধতা যাচাই।	১৬ ফেব্রুয়ারি- -১৫ মার্চ	সেকায়েপ আইটি ডেক্স	
৭.	শিক্ষা বোর্ড হতে এসএসসি/ সমতুল্য পরীক্ষার ফল সংগ্রহ	ফল প্রকাশের পর (সম্ভাব্য মে-জুন)	প্রকল্প কর্মকর্তা, উদ্দীপনা পুরস্কার শাখা, সেকায়েপ	
৮.	পিএমটিএ ও সংগৃহীত তথ্য প্রক্রিয়া করণ।	১৫-৩০ জুন	সেকায়েপ আইটি ডেক্স/ সেকায়েপ এমআইএস সেল	
৯.	খসড়া এসিএফ তৈরি করা ও ডাটা ইন্ট্রিগ্রেশন এর জন্য পিএমটিতে প্রেরণ।	১-১৫ জুলাই	সেকায়েপ আইটি ডেক্স/ এমআইএস সেল	
১০	চুড়ান্ত এসিএফ পিএমটিএ হতে সেকায়েপে প্রেরণ	১৬-২০ জুলাই	সেকায়েপ	
১১.	অর্থ প্রদানের আদেশ, এসিএফ ও সনদ পত্র অগ্রণী ব্যাংকে ও ইউএসইওকে প্রেরণ করা।	১৬-২০ জুলাই	সেকায়েপ	
১২.	পুরস্কার বিতরণ	১-৩১ আগষ্ট	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, অগ্রণী ব্যাংক	
১৩.	চূড়ান্ত সমন্বয় বিবরণী প্রস্তুত এবং সেকায়েপে প্রেরণ	০১-৩০ সেপ্টেম্বর	অগ্রণী ব্যাংক/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	

১৪.০ পৌন: পুনিকতা ও অর্থায়নের ধরণ

প্রতি বছর জুলাই/আগষ্ট মাসে পিএমটি এসএসসি/সমতুল্য উদ্দীপনা পুরস্কার বিতরণ করা হবে ।

ঘ. সেকায়েপ কর্মকর্তাগণ ও সহযোগীদের ভূমিকা ও দায়িত্ব:

১৫.০ মহাপরিচালক, মাউশি এর ভূমিকা

১) ষ্টিয়ারিং কমিটির মাধ্যমে অনুমোদন গ্রহণপূর্বক সেকায়েপ পরবর্তী ২০১৮ হতে SWAP বাস্তবায়নকালে উদ্দীপনা পুরস্কার অব্যাহত রাখা ;

২ বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে সংশ্লিষ্ট অর্থ বছরের জন্য (২০১৪-২০১৭) বরাদ্দ নিশ্চিত করা ;

৩) এডিপিতে বরাদ্দ রাখার জন্য অর্থ বিভাগের সাথে আলোচনা করার জন্য শিক্ষা মন্ত্রণালয় অনুরোধ করা ;

৪) অগ্রিম উত্তোলনের জন্য অর্থ বিভাগ হতে অনাপত্তি পত্র সংগ্রহ ;

৫) অগ্রিম চেক উত্তোলনের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার সাথে যোগাযোগ স্থাপন ;

৬) ব্যয় বিবরণী ও অর্থনৈতিক কোড পর্যালোচনাপূর্বক ব্যয়িত অর্থের দাবীনামা প্রস্তুত ও প্রেরণ ;

৭) IDA হতে ব্যয়িত অর্থের পুনর্ভরণের জন্য প্রক্রিয়া শুরু করা এবং সরকারী কোষাগারে জমার উদ্যোগ গ্রহণ ।

১৬.০ সেকায়েপ-এর ভূমিকা

ক) নতুন ৯০ টি উপজেলায় পিএমটি এসএসসি/সমতুল্য পুরস্কার প্রদান সম্প্রসারণের বিষয়ে মাধ্যমিক স্তরের বিভিন্ন পর্যায়ে একটি পরিপত্র এবং ১২৫ টি উপজেলায় তা অব্যাহত রাখা হবে জানিয়ে আরেকটি পরিপত্র জারী করা ; খ) পিএমটি এসএসসি/সমতুল্য পাস পুরস্কারের জন্য বাজেট তৈরি করা; গ) প্রতিষ্ঠানে সেকায়েপ ১ ফরম প্রেরণ ; ঘ) প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য যাচাই ও প্রক্রিয়া করণ ; ঙ) অর্থ বিতরণ প্রতিবেদন সংগ্রহ ও অর্থনৈতিক কোডের নির্ভুলতা পর্যালোচনাপূর্বক ব্যয়িত অর্থের দাবীনামা প্রস্তুত এবং আইডিএ কর্তৃক পুনর্ভরণকৃত অর্থ সরকারী কোষাগারে জমার উদ্যোগ গ্রহণ । চ) এসিএফ তৈরি করতে শিক্ষা বোর্ড থেকে পিএমটি এসএসসি/সমতুল্য পরীক্ষার ফলাফল সংগ্রহ করা; ছ) ফলাফল প্রক্রিয়াকরণের মাধ্যমে খসড়া এসিএফ পিএমটি- তে প্রেরণ জ) পেমেন্ট অথোরাইজেশনসহ এসিএফ অগ্রণী ব্যাংকে প্রেরণ; ঝ) উত্তম কৃতিত্বের জন্য পুরস্কার প্রাপ্তদের প্রশংসাপত্র প্রস্তুত এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রেরণ করা; ঞ) স্থানীয় অগ্রণী ব্যাংক-এর সাথে পরামর্শ করে পুরস্কার বিতরণের সময়সূচী নির্ধারণ করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নির্দেশনা প্রদান; ট) অগ্রণী ব্যাংক ও উপজেলা শিক্ষা কর্মকর্তার কাছ থেকে আলাদা আলাদাভাবে অর্থ বিতরণের তথ্য সংগ্রহ করে ব্যয়কৃত অর্থ সমন্বয় করা;

১৭.০ সেকায়েপ- আইটি ডেস্ক এর ভূমিকা

তথ্য (সেকায়েপ ১ ফরম ও মাধ্যমিক শিক্ষা বোর্ড-এর ফলাফল) সংগ্রহ ও প্রক্রিয়াকরণ করা; (২) ফলাফল প্রক্রিয়াকরণের মাধ্যমে খসড়া এসিএফ পিএমটি-তে প্রেরণ।

১৮. এমআইএস সেল:

অপিএমটি তথ্য প্রক্রিয়াকরণ ; শিক্ষা বোর্ড সমূহ হতে পিএমটি এসএসসি/সমতুল্য ফলাফল সংগ্রহ ও এসিএফ তৈরী করা।

১৯.০ পিএমটিএ এর ভুমিকা

প্রাপ্ত তথ্য নিজস্ব তথ্যাভান্ডারে একীভূত ও চূড়ান্ত এসিএফ প্রস্তত করে সেকায়েপ বরাবর প্রেরণ করবে।

২০.০ সিএজিএর ভুমিকা

পিএমটি এসএসসি/সমতুল্য পাশ পুরস্কার প্রদানের জন্য অগ্রিম উত্তোলন অনুমোদন ও অগ্রিম চেক ইস্যুকরবেন, আরডিপিপিতে বর্ণিত অর্থনৈতিক কোড ব্যবহার করে বিতরণকৃত অর্থের বিবরণী প্রস্তত করে মাউশি এবং সেকায়েপ এ প্রেরণ করবেন। চুক্তি অনুযায়ী কর্মসূচি বাস্তবায়নে সহায়তা দেবেন।

২১.০ ইউএনও' এর ভুমিকা

পিএমটি এসএসসি/সমতুল্য পাশ পুরস্কার কর্মসূচী বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে পরামর্শ ও নির্দেশনা দেবেন।

২২.০ অগ্রণী ব্যাংক -এর ভূমিকা

ক) অপারেশন ম্যানুয়েলে বর্ণিত সেকায়েপ-এর নির্দেশনা অনুযায়ী পুরস্কারের অর্থ বন্টন করা; (খ) অর্থ বন্টনের পরে সমন্বয় প্রতিবেদন তৈরী এবং সেকায়েপ-এ প্রেরণ করা।

২৩.০ ইউএসইও'র

উপজেলা শিক্ষা কর্মকর্তার দায়িত্ব হলো: ক) পিএমটি এসএসসি/সমতুল্য উদ্দীপনা পুরস্কার বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করা; খ) মাঠ পর্যায়ে উদ্দীপনা পুরস্কার প্রদান কর্মসূচীর বাস্তবায়ন সমন্বয় করা ও সহায়তা দেয়া; গ) যথাসময়ে সুষ্ঠুভাবে পুরস্কার বিতরণের জন্য স্থানীয় অগ্রণী ব্যাংককে সহায়তা প্রদান; ঘ) উদ্দীপনা পুরস্কার প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত তথ্য যাচাই; ঙ) শিক্ষা প্রতিষ্ঠানে কাছ থেকে সেকায়েপ ১ ফরম সংগ্রহ করা চ) যে কোন পর্যায়ে যে কোন সমস্যা নিরসনে সহায়তা দেয়া ও সেকায়েপ কর্তৃপক্ষকে জানানো; ছ) বিতরণ বিবরণ সেকায়েপে প্রেরণ করা।

২৪.০ প্রতিষ্ঠান প্রধানের ভূমিকা	প্রতিষ্ঠান প্রধান: ১. নির্ধারিত সময়ের মধ্যে সেকায়েপ ফরম ১ পূরণ করে সেকায়েপ এ তথ্য প্রদান; ২. যোগ্য শিক্ষার্থীদের মধ্যে পুরস্কারের অর্থ বিতরণে সহায়তা দেয়া; ৩. অগ্রণী ব্যাংককে পুরস্কারের অর্থ বিতরণে সহায়তা প্রদান করা; ৪. অর্থ বিতরণের তথ্য সেকায়েপ ও ইউএসইওকে সরবরাহ করা;
২৫.০ এসএমসি/এমএমসি ও পিটিএ'র ভূমিকা	যথাযথভাবে পুরস্কার বিতরণ নিশ্চিত করতে এসএমসি/এমএমসি ও পিটিএ সদস্যগণ পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।
২৫.০ এমইডব্লিউ'র ভূমিকা	পুরস্কারের অর্থ সদ্ব্যবহার বিষয়ে আলোকপাত করে উদ্দীপনা পুরস্কার দ্রুত মূল্যায়ন সম্পন্ন করা।

পরিশিষ্ট-১

পিএমটি শিক্ষার্থীদের জন্য এসএসসি/সমতুল্য উদ্দীপনা পুরস্কারের এ্যাওয়ার্ড কনফামের্শন ফরম

লোকেশন কোড: উপজেলা :-------------- জেলা : --------------- বিভাগ :--------------

ইআইআইএন নং প্রতিষ্ঠানের নাম ----------------------

ব্যাংক শাখা কোড -------------------------- ব্যাংক শাখার নাম; --------------------- ।

পিএমটি আইডি	শিক্ষার্থীর নাম	ক্যাটেগরি-১ অথবা ২	পিতার নাম	রেজি: নং	রোল নং	জিপিএ	পরিমাণ (টাকায়)	স্বাক্ষর
							১৫০০/-	
							১৫০০/-	
							১৫০০/-	
							১৫০০/-	
							১৫০০/-	

পরিশিষ্ট ২

ফান্ড ফ্লো চার্ট (কোষাগার থেকে শিক্ষার্থী)



পিএমটি এসএসসি/দাখিল পাশ পুরস্কার প্রদান সময়সূচী/পঞ্জিকা

সেকায়েপ ১ ফরম মুদ্রণ ও প্রতিষ্ঠানে প্রেরণ করবে	১-১৫ নভেম্বর	সেকায়েপ আইটি ডেস্ক
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানে সেকায়েপ ১ ফরম (হার্ড কপি) প্রেরণ	১-৩০ নভেম্বর	প্রকল্প কর্মকর্তা, উদ্দীপনা পুরস্কার শাখা, সেকায়েপ
প্রধান শিক্ষক/সুপার কর্তৃক পূরণকৃত সেকায়েপ ১ ফরম (হার্ড কপি) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ অথবা ই- মেইলে সফট কপি সরাসরি সেকায়েপে প্রেরণ (ইউএসও-কে কপি দিতে হবে)।	১৫ ডিসেম্বর - ৩১ জানুয়ারি	প্রধান শিক্ষক/সুপার
সেকায়েপ ১ ফরম প্রকল্প কার্যালয়ে প্রেরণ	০১ ফেব্রুয়ারি- ১৫ ফেব্রুয়ারি	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
পিএমটি থেকে পুরাতন দশম গ্রেড সংগৃহিত শিক্ষার্থীর তথ্য।	১৬ ফেব্রুয়ারি- -১৫ মার্চ	সেকায়েপ আইটি ডেস্ক
শিক্ষা বোর্ড হতে এসএসসি/সমতুল্য পরীক্ষার ফল সংগ্রহ	ফল প্রকাশের পর (মে-জুন)	প্রকল্প কর্মকর্তা, উদ্দীপনা পুরস্কার শাখা, সেকায়েপ
ডাটা প্রক্রিয়া করণ, খসড়া এসিএফ তৈরি ও ডাটা একীভূত করার জন্য পিএমটিতে প্রেরণ	১৫ জুন -১৫ জুলাই	সেকায়েপ আইটি ডেস্ক/ সেকায়েপ এমআইএস সেল
পিএমটিএ ডাটা একীভূত করে চূড়ান্ত এসিএফ সেকায়েপে পাঠাবে।	১৬ - ২০ জুলাই	পিএমটিএ
অর্থ প্রদানের আদেশ, এসিএফ, অগ্রণী ব্যাংকে প্রেরণ করবে।	২১-৩১ জুলাই	প্রকল্প কর্মকর্তা, উদ্দীপনা পুরস্কার
পুরস্কার বিতরন	১-৩১ আগষ্ট	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, অগ্রণী ব্যাংক
চূড়ান্ত সমন্বয় বিবরণী প্রস্তুত এবং	০১-৩০ সেপ্টেম্বর	অগ্রণী ব্যাংক

সেকায়েপে প্রেরণ		